

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।

ফোন : ০৮৬১-৫২২২০, ফ্যাক্স : ০৮৬১-৬২১৭৬

Website : <http://www.mbgc.gov.bd>

e-mail : mbgovtcollege@yahoo.com, moulvibazargovernmentcollege@gmail.com

<https://www.facebook.com/moulvibazargovtcollegeofficial>

তারিখ : ০৩/০৩/২০২২খ্রি.

২০২১ সালের ডিগ্রী (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

মৌলভীবাজার সরকারি কলেজে ২০২১ সালের ডিগ্রী (পাস) বি.এ/বি.এস.এস/বি.বি.এস/ প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি নির্দেশিকা অনুসারে ২০.০৩.২০২২ তারিখের মধ্যে Online এ (<http://www.nu.ac.bd/admissions>) রেজিস্ট্রেশনের নির্ধারিত আবেদন ফরম পূরণ পূর্বক প্রিন্ট করে কলেজে অবশ্যই জমা দিতে হবে।

আবেদনের শর্তাবলী :

- ২০১৯ সালের পূর্বে উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন।
- স্নাতক ডিগ্রীধারী যেকোন ছাত্র-ছাত্রী যেসকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সেসব বিষয় ছাড়া নিম্নে উল্লেখিত যেকোন একটি বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থীর সাথে ২০২০-২০২১ শিক্ষাবর্ষের কোর্স এন্ড কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে। বিষয় সমূহ : বাংলা, ইংরেজি, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা।
- ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন পরীক্ষার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
- প্রাইভেট প্রার্থীগণ রেজিস্ট্রেশনের আবেদন পত্রে যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র যে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই বিষয় পরিবর্তন করতে পারবে না।

আবেদনপত্রের সাথে নিম্নে বর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে :

- এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার রেজি: কার্ড ও নম্বরপত্রের ফটোকপি সত্যায়িত এবং সার্টিফিকেট কোর্সের জন্য ডিগ্রী পাসের রেজি: কার্ড, নম্বরপত্র ও সনদপত্রের ফটোকপি সত্যায়িত করে এক সেট।
- প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদ এবং পাঠ বিরতির প্রত্যয়নপত্র ১ সেট।
- সামরিক বাহিনী, পুলিশ, বিজিবি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।
- সরকারি/আধা সরকারি/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র জমা দিতে হবে এবং পরীক্ষার সময় ছুটি মঞ্জুর করা হবে তা উল্লেখ থাকতে হবে।

আবেদনপত্র জমাদানের সময় :


সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ৩:০০ ঘটিকা পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)

স্থান : অফিস সংলগ্ন কাউন্টার-০১

আবেদনপত্রের সহিত ফি জমা বাবদ সর্বমোট = ৯৮৫/- (নয়শত পঁচাশি) টাকা মৌলভীবাজার সরকারি কলেজের ওয়েব সাইটে (<https://www.mbgc.gov.bd/>) প্রবেশ করে 'ট্যাপ' মোবাইল ব্যাংকিং অপারেটর এর মাধ্যমে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, 'ট্যাপ' মোবাইল ব্যাংকিং অপারেটর এর সার্ভিস চার্জ প্রযোজ্য। ফি পরিশোধ শেষে অনলাইন রশিদের প্রিন্ট কপিসহ আগামী ২১/০৩/২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অবশ্যই কলেজ অফিস কাউন্টার নম্বর-০১ অথবা তথ্য কেন্দ্রে অফিস চলাকালীন সময়ে প্রতিদিন (সরকারি ছুটির দিন ব্যতীত) ০৩:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে।

উল্লেখ্য যে, সঠিক তথ্য ছক Online এ পূরণ করে প্রথমে Save করতে হবে। অতঃপর ফরমটি Online এ Submit করে উক্ত ফরমটির A4 সাইজের সাদা কাগজে কালার প্রিন্ট করে ১ সেট আবেদন পত্র ৯ X ১৪ সাইজের সাদা খামের উপরে আবেদনকারীর নাম, শাখা ও মোবাইল নম্বর লিখে জমা দিতে হবে।

বিঃদ্রঃ আবেদনপত্রের কলেজ অংশে শিক্ষার্থীর মোবাইল নম্বর অবশ্যই লিখে দিতে হবে।


(প্রফেসর সাইফুদ্দীন আহম্মদ)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
মৌলভীবাজার সরকারি কলেজ
মৌলভীবাজার।